

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৪৪

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/৪০. সোনার আংটি পরা নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ خَاتَمِ الذَّهَبِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ يَحْيَى بْنِ عَبَّادِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزَّبَيْرِ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ أُمِّ الْمُوْمِنِينَ، قَالَتْ أَهْدَى بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزَّبَيْرِ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ أُمِّ الْمُوْمِنِينَ، قَالَتْ أَهْدَى النَّجَاشِيُّ إِلَى رَسُولِ اللَّهِ على الله عليه وسلم - حَلْقَةً فِيهَا خَاتَمُ ذَهَبٍ فِيهِ فَصُّ حَبَشِيُّ فَأَخَذَهُ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - بعود وَإِنَّهُ لَمُعْرِضٌ عَنْهُ أَوْ بِبَعْضِ أَصَابِعِهِ ثُمَّ دَعَا ابْنَةَ ابْنَتِهِ أَمَامَةَ بِنْتَ أَبِي الْعَاصِ فَقَالَ " تَحَلَّىْ بِهَذَا يَا بُنَيَّةُ " .

বাংলা

৩/৩৬৪৪। উম্মুল মুমিনীন আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নাজ্জাশী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সোনার একটি আংটি উপহার দেন। তাতে আবিসিনীয় পাথর বসানো ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটি অপছন্দ করায় একটি কাঠি বা হাতের আংগুল দ্বারা তা নিলেন, অতঃপর তাঁর কন্যার কন্যা (নাতনি) উমামা বিনতে আবুল আসকে ডেকে বলেনঃ নাতনি! এটা তুমি পরো।

English

It was narrated that 'Aishah the Mother of the Believers said:

"Najashi sent some jewelry as a gift to the Messenger of Allah (ﷺ). Among that was a gold ring with an Ethiopian gemstone. The Messenger of Allah (ﷺ) picked it up with a stick – as if he found it distasteful – or with one of his fingers, then he called for his daughter, Umamah bint Abul-'As, and said: 'Wear this, O my daughter.'"

ফুটনোট



আবৃ দাউদ ৪২৩৫, আহমাদ ২৪৩৫৯। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন ইসহাক সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন ও আজালী বলেন, তিনি সিকাহ। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাসানুল হাদিস। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি সালিহ। সুলায়মান বিন তারখান ও সুলায়মান বিন মিহরান বলেন, তিনি মিথুকে। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি আমার নিকট হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫০৫৭, ২৪/৪০৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন